গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
উন্নয়ন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mochta.gov.bd

বিষয়: বার্ষিক উন্নয়ন কর্মসূচিভুক্ত প্রকল্প ও উন্নয়ন সহায়তার আওতায় বাস্তবায়নাধীন প্রকল্প/স্কিমের বাস্তবায়ন অগ্রগতির মাসিক পর্যালোচনা সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | : জনাব মোসাম্মৎ হামিদা বেগম, সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় |
| সভার তারিখ | : ২০ ডিসেম্বর, ২০২২ খ্রি. |
| সময় | : বেলা- ১১:০০ টা |
| সভার স্থান | : সভাকক্ষ, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা |

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা: পরিশিষ্ট 'ক'

২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিভুক্ত সকল প্রকল্প ও ৩টি উন্নয়ন সহায়তা এর আওতায় বাস্তবায়নাধীন স্কিমসমূহের ৩০ নভেম্বর, ২০২২ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার নিমিত্ত মাসিক উন্নয়ন পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব বীর বাহাদুর উশৈসিং, এম.পি প্রকল্প/স্কিমসমূহ বাস্তবায়নের সার্বিক অগ্রগতি পর্যবেক্ষণ ও প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদানের জন্য উপস্থিত ছিলেন।

০২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। মাননীয় মন্ত্রীর স্বাগত বক্তব্যের পর সভাপতির অনুমতিক্রমে মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (উন্নয়ন) সভার আলোচ্যসূচি সভাকে অবহিত করেন। অতঃপর অতিরিক্ত সচিব (উন্নয়ন) সভার কার্যপত্র উপস্থাপনের জন্য যুগ্মসচিব (উন্নয়ন) কে আহবান জানান। সে পরিপ্রেক্ষিতে যুগ্মসচিব (উন্নয়ন) সভায় কার্যপত্র উপস্থাপন করেন।

সভায় আলোচ্যসূচি অনুযায়ী নিম্নবর্ণিতভাবে বিস্তারিত আলোচনা হয়:

**৩। আলোচ্যসূচি (ক):** গত সভার কার্যবিবরণী পাঠ ও নিশ্চিতকরণ এবং গত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা:

সভায় গত ১৬ নভেম্বর, ২০২২ তারিখে অনুষ্ঠিত মাসিক উন্নয়ন পর্যালোচনা সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা নিশ্চিত করা হয়।

গত ১৬ নভেম্বর, ২০২২ তারিখে অনুষ্ঠিত মাসিক উন্নয়ন পর্যালোচনা সভার সিদ্ধান্ত এবং তার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা:

| বিগত সভার সিদ্ধান্ত | আলোচনা ও বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|
| ১ | ২ |
| **স্কিমের তালিকা দাখিল, অনুমোদন ও নতুন প্রকল্প/স্কিম গ্রহণ সংক্রান্ত :**<br>ক) সংস্থা হতে প্রাপ্ত নতুন স্কিমের ডিএসপি পর্যালোচনার জন্য অতিরিক্ত সচিব (উন্নয়ন) পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় এর সভাপতিত্বে পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড ও তিন পার্বত্য জেলা পরিষদের অংশগ্রহণে একটি সভা আয়োজন করতে হবে। আগামী ৩০ নভেম্বর, ২০২২ এর মধ্যে অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সিনিয়র সহকারী সচিব (পরিকল্পনা-২) সভাকে জানান যে, সংস্থা হতে প্রাপ্ত নতুন স্কিমের ডিএসপি পর্যালোচনার জন্য গত ২১/১১/২০২২ তারিখ অতিরিক্ত সচিব (উন্নয়ন) এর সভাপতিত্বে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্ত অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উক্ত সভায় সংশ্লিষ্ট সংস্থাসমূহকে নির্দেশনা প্রদান করা হয়। পরবর্তীতে গত ০১/১২/২০২২ তারিখ সংস্থাসমূহের বরাবরে ডিএসপি প্রেরণের জন্য পত্রও দেয়া হয়। সে পরিপ্রেক্ষিতে পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড এর ৩০টি ডিএসপির মধ্যে ৩০টি, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ |

অ:পৃ:দ্র:

| বিগত সভার সিদ্ধান্ত | আলোচনা ও বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|
| ১ | ২ |
| | হতে ৮৯ টি ডিএসপি এর মধ্যে ৮৪টি, রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ এর ৭২টি ডিএসপি এর মধ্যে ৭২টি ডিএসপি পাওয়া যায়। কিন্তু খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদের ৫৭টি ডিএসপি এর মধ্যে কোন ডিএসপি পাওয়া যায়নি। খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদের প্রতিনিধি সভাকে জানান যে, গত ১৬/১২/২০২২ তারিখ ৫৭টি ডিএসপি মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের দপ্তরে প্রেরণ করা হয়েছে। সিনিয়র সহকারী সচিব (পরিকল্পনা-২) জানান যে, গত ১২/১২/২০২২ তারিখ এবং ১৫/১২/২০২২ তারিখ প্রাপ্ত ডিএসপিগুলো মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী প্রণয়ন করা হয়েছে কিনা তা যাচাই-বাছাই পূর্বক বান্দরবান পার্বত্য জেলার ৮৪টি স্কিমের নথি উপস্থাপন করা হয়েছে। পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (উন্নয়ন) বলেন, যে সকল ডিএসপি-তে 'অসমাপ্তকরণ কাজ সমাপ্তকরণ' উল্লেখ আছে তা সভার সিদ্ধান্ত অনুযায়ী সংশোধন করতে হবে এবং উক্ত স্কিমের বর্তমান অবস্থা সচিত্র বিবরণীসহ ডিএসপি-তে উল্লেখ করতে হবে। |
| **রাস্তার পরিচিতি কোড নম্বর প্রদান সংক্রান্ত :**<br>পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, তিন পার্বত্য জেলা পরিষদ এর অনুমোদিত রাস্তার কোডের তালিকাগুলো নিয়ে সড়ক ও জনপথ বিভাগ, স্থানীয় সরকার বিভাগসহ স্থানীয় অন্যান্য সংশ্লিষ্ট সংস্থার সাথে আলোচনা করার লক্ষ্যে পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের চেয়ারম্যান এর সভাপতিত্বে আগামী ৩০/১১/২০২২ তারিখের মধ্যে একটি সভা আহবান করতে হবে। | পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড এর প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, তিন পার্বত্য জেলা পরিষদ এর অনুমোদিত রাস্তার কোডের তালিকাগুলো নিয়ে সড়ক ও জনপথ বিভাগ, স্থানীয় সরকার বিভাগসহ স্থানীয় অন্যান্য সংশ্লিষ্ট সংস্থার সাথে আলোচনা করার লক্ষ্যে পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের চেয়ারম্যান এর সভাপতিত্বে গত ০৭/১২/২০২২ তারিখ পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। মাননীয় মন্ত্রী মহোদয় নতুন কোডের রাস্তার কোড নম্বর প্রদানের ক্ষেত্রে যথেষ্ঠ সতর্কতা অবলম্বনের উপর গুরুত্বারোপ করেন, যেন একটি কাজের জন্য অন্য কাজের প্রতিবন্ধকতা সৃষ্টি না হয়। অতিরিক্ত সচিব (উন্নয়ন) বলেন যে, কোড নম্বর প্রদানের ক্ষেত্রে সমন্বিত সিদ্ধান্ত গ্রহন করে মন্ত্রণালয়কে অবহিত করতে হবে। |
| **তিন পার্বত্য জেলায় কোল্ড স্টোরেজ নির্মাণ সংক্রান্ত :**<br>পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড কর্তৃক তিন পার্বত্য জেলায় ছোট আকারের কোল্ড স্টোরেজ নির্মাণের লক্ষ্যে পাইলট ভিত্তিতে একটি প্রকল্প/স্কিম গ্রহণের লক্ষ্যে প্রেজেন্টেশন আগামী সভায় উপস্থাপন করতে হবে। | এ বিষয়ে পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের প্রতিনিধি এবং রেডিয়েন্ট টেকনোলজি এর সমন্বয়ে একটি প্রেজেন্টশন উপস্থাপন করেন। সভায় উপস্থিত অর্থ বিভাগের যুগ্মসচিব বলেন, পার্বত্য এলাকায় যে সকল ফল বেশী উৎপন্ন হয় তার জন্য বড় আকারে কোল্ড স্টোরেজ তৈরী এবং সেখানে কৃষকদের ফল ও সবজি সংরক্ষণে উদ্ধুদ্ধ করা যেতে পারে।<br>মাননীয় মন্ত্রী মহোদয় অভিমত ব্যক্ত করেন যে, দীর্ঘ সময়ের জন্য উপকার পাওয়া যায় এমন ছোট তিনটি কোল্ড স্টোরেজ তিন পার্বত্য জেলায় নির্মাণ করা যেতে পারে, যেন স্থানীয় কৃষকগণ কোল্ড স্টোরেজ ব্যবহারের ব্যাপারে উৎসাহী হয়। পরবর্তীতে কৃষকদের আগ্রহ এবং আর্থিক লাভের উপর নির্ভর করে বৃহৎ প্রকল্প গ্রহণ করা যেতে পারে। এ ব্যাপারে পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড তিন |

অ:পৃ:দ্র:

| বিগত সভার সিদ্ধান্ত | আলোচনা ও বাস্তবায়ন অগ্রগতি |
| --- | --- |
| ১ | ২ |
| | পার্বত্য জেলায় কোল্ড স্টোরেজ স্থাপনের পরবর্তী ব্যবস্থা গ্রহণ করবে।<br>সচিব মহোদয় কম খরচে সারা বছরব্যাপী ব্যবহার উপযোগী কোল্ড স্টোরেজ স্থাপন করার উপর গুরুত্বারোপ করেন।<br>পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড কর্তৃক তিন পার্বত্য জেলায় ছোট আকারের ০৩টি কোল্ড স্টোরেজ নির্মাণের লক্ষ্যে পাইলট ভিত্তিতে একটি প্রকল্প/স্কিম গ্রহণের লক্ষ্যে সম্ভব্যতা যাচাইপূর্বক একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন আগামী ১৫ জানুয়ারি, ২০২৩ এর মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। |
| ক) **'পার্বত্য চট্টগ্রাম এলাকায় টেকসই সামাজিক সেবা প্রদান' প্রকল্পের কার্যক্রম সংক্রান্ত :**<br>ক) গত ০৭/১১/২০২২ তারিখে মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (উন্নয়ন) এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভার সুপারিশ অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ক) ০৭/১১/২০২২ তারিখ অনুষ্ঠিত সভার সুপারিশ অনুযায়ী পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড কর্তৃক পরবর্তী কার্যক্রম চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। সভায় উপস্থিত সকলেই আবাসিক স্কুলগুলো জাতীয়করণ/এমপিও করণ করার বিষয়ে মত প্রকাশ করেন। এ বিষয়ে প্রকল্প পরিচালক ও প্রকল্প বাস্তবায়নকারী সংস্থাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়। এছাড়াও গত ০৪/১২/২০২২ তারিখ 'পার্বত্য চট্টগ্রাম এলাকায় টেকসই সামাজিক সেবা প্রদান (২য় পর্যায়)' শীর্ষক প্রকল্পের প্রকল্প যাচাই কমিটির সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্ত অনুযায়ী পুনর্গঠিত ডিপিপি দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করা প্রয়োজন। অন্যথায় প্রকল্পটি অনুমোদনে বিলম্ব ঘটবে। সভাপতি আগামী জানুয়ারি, ২০২৩ এর মধ্যে পুনর্গঠিত ডিপিপি মন্ত্রণালয়ে প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করেন। |
| খ) পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড কে ৪৮০০টি পাড়াকেন্দ্রের মধ্যে কতগুলো পাড়াকেন্দ্র রাখা প্রয়োজন তা নিরূপনের জন্য সকল স্টেকহোল্ডারদের নিয়ে একটি কমিটি গঠন করবে। কমিটি আগামী ৩০ ডিসেম্বর, ২০২২ এর মধ্যে একটি প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করবে। | খ) গত ১৫ সেপ্টেম্বর ২০২২ তারিখে প্রকল্পের স্টিয়ারিং কমিটির সভায় প্রদত্ত নির্দেশনানুসারে ইউনিসেফের সহযোগিতায় তিন পার্বত্য জেলা পরিষদসহ অন্যান্য স্থানীয় সরকার প্রতিষ্ঠান ও প্রশাসনের প্রতিনিধি এবং সংশ্লিষ্ট লাইন ডিপার্টমেন্টসমূহের প্রতিনিধিদের অংশগ্রহণে মেয়াদ শেষে প্রকল্প কার্যক্রমের চলমান রাখার কর্মকৌশল নির্ধারণ এর লক্ষ্যে তিন জেলায় ৩টি কর্মশালা আয়োজনের উদ্যোগ নেয়া হয়েছে। কর্মশালায় পাড়াকেন্দ্র ও আবাসিক বিদ্যালয়ের ভবিষ্যৎ বিষয়ে বিশদ আলোচনা ও মতামত গ্রহণ করা হবে। উক্ত কর্মশালাসমূহ জানুয়ারি ২০২৩ এর প্রথম সপ্তাহ নাগাদ বাস্তবায়নের পরিকল্পনা রয়েছে। বর্ণিত তিনটি কর্মশালায় প্রাপ্ত তথ্য ও মতামত সংকলনপূর্বক একটি সামগ্রিক প্রতিবেদন পরবর্তীতে মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। |
| **এডিপিভুক্ত প্রকল্পের পিসিআর দাখিল সংক্রান্ত :**<br>৩০ জুন, ২০২২ এ সমাপ্তকৃত পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের ২টি, পার্বত্য জেলা পরিষদ, বান্দরবান এর ১টি এবং পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের ১টি প্রকল্পের পিসিআর আগামী ৩০ নভেম্বর, | সভাকে অবহিত করা হয় যে, ৩০ জুন, ২০২২ এ সমাপ্তকৃত ৪টি প্রকল্পের পিসিআর এখনো মন্ত্রণালয়ে পাওয়া যায়নি।<br>এ বিষয়ে পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড প্রতিনিধি সভাকে |

অ:পৃ:দ্র:

| বিগত সভার সিদ্ধান্ত | আলোচনা ও বাস্তবায়ন অগ্রগতি |
| --- | --- |
| ১ | ২ |
| ২০২২ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে দাখিল করতে হবে। | জানান যে, তাদের ২টি প্রকল্পের পিসিআর ১৮ ডিসেম্বর, ২০২২ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। এছাড়া বান্দরবান পার্বত্য জেলা পরিষদ এবং মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়িত ১টি প্রকল্পের পিসিআর প্রণয়নের কার্যক্রম চলমান রয়েছে। সভাপতি আগামী ১৫ জানুয়ারি ২০২৩ এর মধ্যে পিসিআর ২টি মন্ত্রণালয়ে প্রেরণের জন্য প্রকল্প পরিচালক ও বাস্তবায়নকারী সংস্থাকে নির্দেশনা প্রদান করা হয়। |
| <u>ভিডিও ডকুমেন্টারি তৈরি:</u><br>বর্তমান সরকারের আমলে পার্বত্য জেলা পরিষদ, রাঙ্গামাটি/খাগড়াছড়ি এর মাধ্যমে তিন পার্বত্য এলাকায় যে সকল গুরুত্বপূর্ণ কার্যক্রম সম্পাদিত হয়েছে তার ১টি ভিডিও ডকুমেন্টারি তৈরি করবে। আগামী ৩০ নভেম্বর, ২০২২ এর মধ্যে সকল সংস্থা তাদের প্রস্তুতকৃত ভিডিও ডকুমেন্টারি মন্ত্রণালয়ে দাখিল করবে। | পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, বান্দবান পার্বত্য জেলা পরিষদ এবং খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ ভিডিও ডকুমেন্টারি দাখিল করেছেন। তবে রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ কোন ভিডিও ডকুমেন্টারি দাখিল করেননি। উক্ত সংস্থার প্রতিনিধিকে আগামী ১৫ জানুয়ারি, ২০২৩ এর মধ্যে চূড়ান্ত ভিডিও ডকুমেন্টারি মন্ত্রণালয়ে দাখিলের নির্দেশনা প্রদান করা হয়। অতিরিক্ত সচিব (উন্নয়ন) সভাকে অবহিত করেন যে, সকল সংস্থার নিকট হতে ভিডিও ডকুমেন্টারি প্রাপ্তির পর তা দেখার জন্য একটি সভা আহ্বান করতে হবে। |
| <u>পার্বত্য চট্টগ্রামের প্রত্যন্ত এলাকায় সোলার প্যানেল স্থাপনের মাধ্যমে বিদ্যুৎ সরবরাহ (২য় পর্যায়) এর ক্যাটাগরি এবং প্রশিক্ষণ খাতের অর্থ ব্যয় সংক্রান্ত :</u><br>পার্বত্য চট্টগ্রামের প্রত্যন্ত এলাকায় সোলার প্যানেল স্থাপনের মাধ্যমে বিদ্যুৎ সরবরাহ (২য় পর্যায়) প্রকল্পটি জুন, ২০২৩ এ সমাপ্তির জন্য নির্ধারিত থাকায় মন্ত্রণালয় হতে উক্ত প্রকল্পের ক্যাটাগরি পরিবর্তন এবং প্রশিক্ষণ খাতের সমুদয় অর্থ ব্যবহারের অনুমতি প্রদানের জন্য অর্থ বিভাগকে আধা-সরকারি পত্র দেয়া যেতে পারে। | পার্বত্য চট্টগ্রামের প্রত্যন্ত এলাকায় সোলার প্যানেল স্থাপনের মাধ্যমে বিদ্যুৎ সরবরাহ (২য় পর্যায়) প্রকল্পটি জুন, ২০২৩ এ সমাপ্তির জন্য নির্ধারিত থাকায় মন্ত্রণালয় হতে উক্ত প্রকল্পের ক্যাটাগরি পরিবর্তন এবং প্রশিক্ষণ খাতের সমুদয় অর্থ ব্যবহারের অনুমতি প্রদানের জন্য অর্থ বিভাগকে আধা-সরকারি পত্রটি আগামী ২১/১২/২০২২ তারিখের মধ্যে অর্থ মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে মর্মে সভাকে অবহিত করা হয়। অর্থ বিভাগের প্রতিনিধি সভাকে জানান যে, প্রকল্পের ক্যাটাগরি পরিবর্তন এর কার্যক্রমটি প্রধানমন্ত্রীর কার্যালয় হতে করা হয়ে থাকে। তাই ক্যাটাগরি পরিবর্তনের লক্ষ্যে প্রধানমন্ত্রীর কার্যালয়ের অনুমোদন গ্রহণ করা যেতে পারে। |
| <u>পার্বত্য চট্টগ্রাম এলাকায় মিশ্র ফল চাষ এবং মসলা চাষ প্রকল্প সংক্রান্ত :</u><br>পার্বত্য চট্টগ্রাম এলাকায় মিশ্র ফল চাষ এবং মসলা চাষ প্রকল্পের আওতায় যে সকল গাছ রোপন করা হয়েছিল তার বর্তমান কি অবস্থায় আছে তার একটি প্রতিবেদন মন্ত্রণালয়ে দাখিল করবে। | সভাকে অবহিত করা হয় যে, পার্বত্য চট্টগ্রাম এলাকায় মিশ্র ফল চাষ এবং মসলা চাষ প্রকল্পের আওতায় যে সকল গাছ রোপন করা হয়েছিল তার বর্তমান কি অবস্থায় আছে এ বিষয়ে কোন প্রতিবেদন মন্ত্রণালয়ে পাওয়া যায়নি। পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড এর প্রতিনিধি সভাকে জানান যে, তার প্রয়োজনীয় সার্ভে এর কার্যক্রম পরিচালনা করছেন। দ্রুততম সময়ের মধ্যে একটি প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। সভাপতি আগামী ১৫ জানুয়ারি, ২০২৩ এর মধ্যে প্রতিবেদন দাখিলের নির্দেশনা প্রদান করেন। |
| <u>বিবিধ :</u><br>ক) ফ্রেন্ডস ক্লাব এর অসমাপ্ত কাজ সমাপ্তকরণ শীর্ষক প্রকল্পের কার্যক্রম বাজার ফান্ডের জায়গায় করা হলে জেলা প্রশাসকের কোন আপত্তি নেই মর্মে জেলা প্রশাসকের প্রত্যয়ন সংগ্রহ করতে হবে। | ক) রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদের প্রতিনিধি সভাকে জানান যে, ফ্রেন্ডস ক্লাব এর অসমাপ্ত কাজ সমাপ্তকরণ শীর্ষক প্রকল্পের কার্যক্রম বাজার ফান্ডের জায়গায় করার |

অ:পৃ:দ্র:

| বিগত সভার সিদ্ধান্ত | আলোচনা ও বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|
| ১ | ২ |
| | বিষয়ে অনাপত্তি গ্রহণের জন্য গত ১৫/১২/২০২২ তারিখ জেলা প্রশাসক, রাঙ্গামাটি বরাবরে পত্র দেয়া হয়েছে। যুগ্মসচিব (উন্নয়ন) বলেন যে, 'ফ্রেন্ডস ক্লাব এর অসমাপ্ত কাজ সমাপ্তকরণ' শীর্ষক স্কিমের জটিলতা নিরসনের লক্ষ্যে বিষয়টি সংশ্লিষ্টদের মতামত গ্রহণ করে নিষ্পত্তি করা প্রয়োজন। এ পরিপ্রেক্ষিতে মাননীয় মন্ত্রী বলেন যে, যেহেতু জেলা প্রশাসক, রাঙ্গামাটি হতে এ বিষয়ে এখনো কোন সমাধান পাওয়া যাচ্ছে না তাই 'ফ্রেন্ডস ক্লাব এর অসমাপ্ত কাজ সমাপ্তকরণ' শীর্ষক স্কিমের কার্যক্রম জেলা প্রশাসক, রাঙ্গামাটি এর কার্যালয় হতে গত ০৮/০৪/২০২১ তারিখ জারিকৃত পত্রের নির্দেশনার আলোকে যে অংশ কাপ্তাই লেকের অংশের মধ্যে পড়েছে তা বাদ রেখে কার্যক্রম সম্পাদন করা হবে মর্মে প্রত্যয়নসহ মন্ত্রণালয়ে পত্র দিতে হবে। |
| খ) সজীব ওয়াজেদ উপগ্রহ ভূ-কেন্দ্র, বেতবুনিয়া রাঙ্গামাটি এর পূর্বপার্শ্বে অবস্থিত খালের ভাঙ্গান রোধে স্কিমটি পার্বত্য জেলা পরিষদ, রাঙ্গামাটি ২০২২-২০২৩ অর্থ বছরে বাস্তবায়ন করবে। | খ) সজীব ওয়াজেদ উপগ্রহ ভূ-কেন্দ্র, বেতবুনিয়া রাঙ্গামাটি এর পূর্বপার্শ্বে অবস্থিত খালের ভাঙ্গান রোধে স্কিমটির ডিএসপি গত ১৯/১২/২০২২ তারিখ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। সভাপতি ডিএসপিটি অনুমোদনে লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেন। |

০৪। **আলোচ্যসূচি (খ):** ২০২২-২০২৩ অর্থ-বছরে বাস্তবায়নাধীন এডিপিভুক্ত প্রকল্প, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন সহায়তা (কোড-২২১০০০৯০০), পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের জন্য উন্নয়ন সহায়তা (২২১০০১১০০) ও পার্বত্য চট্টগ্রাম স্থানীয় সরকার উন্নয়ন সহায়তা (২২১০০১০০০) এর আওতায় গৃহীত কাঁযক্রমরে ৩০ নভেম্বর, ২০২২ পর্যন্ত আর্থিক ও বাস্তব অগ্রগতি বিষয়ে আলোচনা;

যুগ্মসচিব (উন্নয়ন) সভাকে অবহিত করেন যে, চলতি অর্থ বছরের বাজেটে পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের জন্য বরাদ্দ নির্ধারণ করা হয় ৯৩২.১৮ কোটি টাকা। উক্ত বরাদ্দের মধ্যে ১৬টি অনুমোদিত উন্নয়ন প্রকল্পের অনুকূলে মোট বরাদ্দ ৪০০.০৯ কোটি টাকা (জিওবি-৩৭৮.৯৬ কোটি এবং প্রকল্প সাহায্য-২১.১৩ কোটি), তিনটি উন্নয়ন সহায়তার অনুকূলে মোট বরাদ্দ ৪৬০.০০ কোটি টাকা এবং অননুমোদিত নতুন প্রকল্পের জন্য থোক বরাদ্দ বাবদ ৭২.০৯ কোটি টাকা। ২০২২-২০২৩ অর্থ বছরের ৩০ নভেম্বর, ২০২২ মাস পর্যন্ত বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়নের অগ্রগতি ১৫.৩৯% এবং পূর্ববর্তী অর্থ বছরের একই সময়ে এ অগ্রগতি ছিল ২৫.৮১%। নভেম্বর, ২০২২ পর্যন্ত জাতীয় অগ্রগতি পরিকল্পনা কমিশনের ওয়েব সাইটে আপলোড করা হয়নি। তবে অক্টোবর, ২০২২ পর্যন্ত ১২.৬৪% জাতীয় অগ্রগতি দেখানো হয়েছে। মাননীয় মন্ত্রী নির্দেশনা প্রদান করেন যে, কাজের গুণগত মান বজায় রেখে প্রকল্পের নির্ধারিত মেয়াদের মধ্যে প্রকল্প সমাপ্ত করতে হবে। সভায় প্রকল্প ভিত্তিক অগ্রগতি পাওয়ার পয়েন্টে উপস্থাপন করা হয় এবং প্রকল্প পরিচালকগণ প্রকল্পের অগ্রগতি ও বর্তমান অবস্থা সভায় উপস্থাপন করেন।

০৫। সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্র.নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ৫.১ | <u>স্কিমের তালিকা দাখিল, অনুমোদন ও নতুন প্রকল্প/স্কিম গ্রহণ সংক্রান্ত:</u> সংস্থা হতে প্রাপ্ত নতুন স্কিমের ডিএসপি বিধি অনুযায়ী অনুমোদন করতে হবে। যে সকল স্কিমের অসমাপ্ত কাজ সমাপ্তকরণের নিমিত্ত ডিএসপি প্রেরণ করা হয়েছে সেখানে কতটুকু কাজ সমাপ্ত হয়েছে এবং কতটুকু কাজ করতে হবে তা সচিত্র বিবরণসহ উল্লেখ করতে হবে। যে সকল ডিএসপি-তে এ সকল তথ্য উল্লেখ নেই সে সকল ডিএসপি পুণর্গঠন করে পুনরায় মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন)/যুগ্মসচিব (উন্নয়ন)/সিনিয়র সহকারী সচিব (পরিকল্পনা-২)/পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড/পার্বত্য জেলা পরিষদ, রাঙ্গামাটি/বান্দরবান/খাগড়াছড়ি |

অ:পৃ:দ্র:

| ক্র.নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| | | |
| ৫.২ | রাস্তার পরিচিতি কোড নম্বর প্রদান সংক্রান্ত:<br>নতুন কোডের রাস্তা নেওয়ার ব্যাপারে সর্তকতা অবলম্বন করতে হবে যেন একটি কাজের সাথে অন্য কাজে প্রতিবন্ধকতা সৃষ্টি না হয়। রাস্তার কোড নম্বর প্রদানের ক্ষেত্রে সমন্বিত সিদ্ধান্ত গ্রহন করে মন্ত্রণালয়কে অবহিত করতে হবে। নতুন রাস্তার ক্ষেত্রে রক্ষণাবেক্ষণ এর জন্য ডিএসপিতে বরাদ্দ রাখতে হবে। | পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড/পার্বত্য জেলা পরিষদ, রাঙ্গামাটি/বান্দরবান/খাগড়াছড়ি |
| ৫.৩ | তিন পার্বত্য জেলায় কোল্ড স্টোরেজ নির্মাণ সংক্রান্ত :<br>পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড কর্তৃক তিন পার্বত্য জেলায় ছোট আকারের ০৩টি কোল্ড স্টোরেজ নির্মাণের লক্ষ্যে পাইলট ভিত্তিতে একটি প্রকল্প/স্কিম গ্রহণের লক্ষ্যে সম্ভব্যতা যাচাইপূর্বক একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন আগামী ১৫ জানুয়ারি, ২০২৩ এর মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড |
| ৫.৪ | "পার্বত্য চট্টগ্রাম এলাকায় টেকসই সামাজিক সেবা প্রদান" প্রকল্পের কার্যক্রম সংক্রান্ত :<br>ক) গত ০৭/১১/২০২২ তারিখে মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (উন্নয়ন) এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভার সুপারিশ অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>খ) পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড ৪৮০০টি পাড়াকেন্দ্রের মধ্যে কতগুলো পাড়াকেন্দ্র রাখা প্রয়োজন তা নিরূপনের জন্য সকল স্টেকহোল্ডারদের নিয়ে একটি কমিটি গঠন করবে। কমিটি আগামী ১৫ জানুয়ারি ২০২৩ এর মধ্যে একটি প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করবে।<br>গ) UNICEF এর নিকট হতে অর্থায়নের বিষয়ে লিখিত সম্মতি গ্রহণ করতে হবে।<br>ঘ) 'পার্বত্য চট্টগ্রাম এলাকায় টেকসই সামাজিক সেবা প্রদান (২য় পর্যায়)'শীর্ষক প্রকল্পের পুনর্গঠিত ডিপিপি আগামী জানুয়ারি ২০২৩ এর মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | ক) সিনিয়র সহকারী সচিব (পরিকল্পনা-২) পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়<br><br>খ) পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি।<br><br>গ) পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি।<br>ঘ) পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি। |
| ৫.৫ | এডিপিভুক্ত প্রকল্পের পিসিআর দাখিল সংক্রান্ত :<br>৩০ জুন, ২০২২ এ সমাপ্তকৃত পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের ২টি, পার্বত্য জেলা পরিষদ, বান্দরবান এর ১টি এবং পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের ১টি প্রকল্পের পিসিআর আগামী ১৫ জানুয়ারি, ২০২৩ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে দাখিল করতে হবে। | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকগণ ও পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, পার্বত্য জেলা পরিষদ বান্দরবান/পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি |
| ৫.৬ | ভিডিও ডকুমেন্টারি তৈরি:<br>আগামী ১৫ জানুয়ারি, ২০২৩ এর মধ্যে সকল সংস্থা তাদের প্রস্তুতকৃত ভিডিও ডকুমেন্টারি মন্ত্রণালয়ে দাখিল করবে। সকল সংস্থার নিকট হতে ভিডিও ডকুমেন্টারি প্রাপ্তির পর তা দেখার জন্য একটি সভা আহ্বান করতে হবে। | পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি, পার্বত্য জেলা পরিষদ রাঙ্গামাটি/বান্দরবান/খাগড়াছড়ি |
| ৫.৭ | পার্বত্য চট্টগ্রাম এলাকায় মিশ্র ফল চাষ এবং মসলা চাষ প্রকল্প সংক্রান্ত :<br>পার্বত্য চট্টগ্রাম এলাকায় মিশ্র ফল চাষ এবং মসলা চাষ প্রকল্পের আওতায় যে সকল গাছ রোপন করা হয়েছিল সেগুলি বর্তমানে কী অবস্থায় আছে তার একটি প্রতিবেদন আগামী ১৫ জানুয়ারি, ২০২৩ এর মধ্যে মন্ত্রণালয়ে দাখিল করতে হবে। | পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড |

অ:পৃ:দ্র:

| ক্র.নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| | | |
| ৫.৮ | বিবিধ :<br>ক) ফ্রেন্ডস ক্লাব এর অসমাপ্ত কাজ সমাপ্তকরণ শীর্ষক প্রকল্পের কাজ বাজার ফান্ডের জায়গায় করা হলে জেলা প্রশাসন, রাঙ্গামাটি এর কোন আপত্তি নেই মর্মে প্রত্যয়ন সংগ্রহ করে তা মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br>খ) প্রকল্পের ক্যাটাগরি পরিবর্তন বিষয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ের মুখ্য সচিব বরাবরে এ মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের স্বাক্ষরে একটি আধা-সরকারি পত্র প্রেরণ করতে হবে। | ক) পার্বত্য জেলা পরিষদ, রাঙ্গামাটি<br><br>খ) সিনিয়র সহকারী সচিব (পরিকল্পনা-২) |

৬। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
০৪/০১/২০২৩
(মোসাম্মৎ হামিদা বেগম)
সচিব

নম্বর- ২৯.০০.০০০০.২২৫.০৬.০০৬.২১- ২৯২

তারিখ : ২১ পৌষ ১৪২৯ / ০৫ জানুয়ারি ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ, রাঙ্গামাটি
২. সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা (দৃ:আ: পরিচালক-১২)
৩. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃঃ আঃ উপসচিব, বাজেট-১৮)
৪. সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলানগর, ঢাকা-১২০৭
৫. সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয়, শেরে বাংলানগর, ঢাকা-১২০৭
৬. সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলানগর, ঢাকা-১২০৭
৭. সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরেবাংলানগর, ঢাকা-১২০৭
৮. সদস্য, কৃষি, পানিসম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলানগর, ঢাকা-১২০৭
৯. সদস্য, শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলানগর, ঢাকা-১২০৭
১০. চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি
১১. চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ, রাঙ্গামাটি/খাগড়াছড়ি/বান্দরবান
১২. অতিরিক্ত সচিব (উন্নয়ন) ও জাতীয় প্রকল্প পরিচালক, 'স্ট্রেনদেনিং ইনক্লুসিভ ডেভেলপমেন্ট ইন চিটাগং হিল ট্রাক্টস' শীর্ষক প্রকল্প, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৩. ভাইস-চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি
১৪. যুগ্মসচিব (উন্নয়ন), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৫. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৬. মুখ্য নির্বাহী কর্মকর্তা, পার্বত্য জেলা পরিষদ, রাঙ্গামাটি /খাগড়াছড়ি/বান্দরবান
১৭. প্রকল্প পরিচালক, 'পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ কমপ্লেক্স নির্মাণ(বিশেষ সংশোধিত)' শীর্ষক প্রকল্প ও যুগ্মসচিব (উন্নয়ন), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা
১৮. প্রকল্প পরিচালক, 'খাগড়াছড়ি জেলার গুরুত্বপূর্ণ বাজারসহ ও পার্শ্ববর্তী জনবসতিতে নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার উন্নয়ন' শীর্ষক প্রকল্প ও মুখ্য নির্বাহী কর্মকর্তা, পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি
১৯. প্রকল্প পরিচালক, 'পার্বত্য চট্টগ্রাম অঞ্চলে কফি ও কাজুবাদাম চাষের মাধ্যমে দারিদ্র হ্রাসকরণ' শীর্ষক প্রকল্প ও সদস্য (পরিকল্পনা-১), পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি
২০. প্রকল্প পরিচালক, 'পার্বত্য চট্টগ্রাম এলাকায় টেকসই সামাজিক সেবা প্রদান (১ম সংশোধিত) ' শীর্ষক প্রকল্প ও সদস্য (প্রশাসন), পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি
২১. প্রকল্প পরিচালক, 'পার্বত্য চট্টগ্রামে তুলা চাষ বৃদ্ধি ও কৃষকদের দারিদ্র বিমোচন' শীর্ষক প্রকল্প ও সদস্য (প্রশাসন), পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি
২২. প্রকল্প পরিচালক, 'পার্বত্য চট্টগ্রাম এলাকায় সোলার প্যানেল স্থাপনের মাধ্যমে বিদ্যুৎ সরবরাহ প্রকল্প (২য় পর্যায়)' শীর্ষক প্রকল্প ও সদস্য (বাস্তবায়ন), পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি

অ:পৃ:দ্র:

২৩. প্রকল্প পরিচালক, 'পার্বত্য চট্টগ্রাম এলাকায় সুগারক্রপ চাষাবাদ জোরদার করণ' শীর্ষক প্রকল্প ও সদস্য (বাস্তবায়ন), পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি

২৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

২৫. উপসচিব (পরিকল্পনা-১), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

২৬. প্রকল্প পরিচালক, 'Climate Resilient Livelihoods Improvement and Watershed Management in the Chittagong Hill Tracts (CRLIWM-CHT) ' শীর্ষক প্রকল্প ও নির্বাহী কর্মকর্তা, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ, রাঙ্গামাটি

২৭. সিনিয়র সহকারী সচিব (পরিকল্পনা-২), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

২৮. নির্বাহী প্রকৌশলী, রাংগামাটি/বান্দরবান/খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ

২৯. নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, খাগড়াছড়ি পার্বত্য জেলা

৩০. প্রকল্প পরিচালক, 'বান্দরবান পার্বত্য জেলার পল্লী অবকাঠামো নির্মান' শীর্ষক প্রকল্প, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, বান্দরবান

৩১. প্রকল্প পরিচালক, 'বান্দরবান জেলার রোয়াংছড়ি উপজেলার সদর হতে রুমা উপজেলা পর্যন্ত পল্লী সড়ক নির্মাণ' শীর্ষক প্রকল্প পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, বান্দরবান

৩২. প্রকল্প পরিচালক, 'বান্দরবান পার্বত্য জেলায় সাংগু নদীর উপর ২টি এবং সোনাই খালী খালের উপর একটি ব্রীজ নির্মাণ' শীর্ষক প্রকল্প, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, বান্দরবান

৩৩. প্রকল্প পরিচালক, 'বান্দরবান জেলার বিভিন্ন উপজেলায় সেচ ড্রেইন নির্মাণ' শীর্ষক প্রকল্প ও নির্বাহী প্রকৌশলী, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, বান্দরবান

৩৪. প্রকল্প পরিচালক 'খাগড়াছড়ি জেলা সদরে পানি নিষ্কাশন ব্যবস্থা উন্নয়ন এবং জলাবদ্ধতা দূরীকরণের লক্ষ্যে মাস্টার ড্রেইন নির্মাণ' শীর্ষক প্রকল্প ও নির্বাহী প্রকৌশলী, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, খাগড়াছাড়ি

৩৫. প্রকল্প পরিচালক, 'পার্বত্য চট্টগ্রামের খাগড়াছড়ি জেলার বিভিন্ন উপজেলায় সেচ ড্রেইন নির্মাণ' শীর্ষক প্রকল্প ও নির্বাহী প্রকৌশলী, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, খাগড়াছড়ি

৩৬. প্রকল্প পরিচালক, 'রাংগামাটি পার্বত্য জেলায় কৃষি উন্নয়নের লক্ষ্যে সেচ অবকাঠামো নির্মাণ' শীর্ষক প্রকল্প ও নির্বাহী প্রকৌশলী, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাংগামাটি

৩৭. ন্যাশনাল প্রজেক্ট ম্যানেজার, 'স্ট্রেনদেনিং ইনক্লুসিভ ডেভেলপমেন্ট ইন চিটাগং হিল ট্রাক্টস" শীর্ষক প্রকল্প, আইডিবি ভবন আগারগাঁও, ঢাকা-১২০৭

৩৮. সহকারী প্রোগ্রামার/সহকারী মেইন্টেন্যান্স ইঞ্জিনিয়ার, আইসিটি শাখা, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৫/০১/২০২৩

(মুন্না রাণী বিশ্বাস)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ২২৩৩৫৭১১৮
ই-মেইল : dsdev@mochta.gov.bd